

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৪০৮

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفَتَن)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصِيْلُ التَّالِثُ

আরবী

عَن أَبِي واقد اللَّيْثِيِّ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمَّا خَرَجَ إِلَى غَزْوَةِ حُنَيْنٍ مَرَّ بِشَجَرَةٍ لِلْمُشْرِكِينَ كَانُوا يُعَلِّقُونَ عَلَيْهَا أَسْلِحَتَهُمْ يُقَالُ لَهَا: ذَاتُ أَنْوَاطٍ. فَقَالُوا: يَا رَسُولَ اللَّهِ اجْعَلْ لَنَا ذَاتَ أَنْوَاطٍ كَمَا لَهُمْ ذَاتُ أَنْوَاطٍ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «سُبْحَانَ اللَّهِ هَذَا كَمَا قَالَ قَوْمُ مُوسَى (اجْعَل لنا إِلَهًا كَمَا لَهُم آلهةٌ) وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَتَرْمَذِي لَنَا يَرْمَذِي سُنَنَ مَنْ كَانَ قبلكُمْ» . رَوَاهُ التِّرْمِذِي

اسناده صحیح ، رواه الترمذی (2180 وقال : حسن صحیح) ۔ (صَحِیح)

বাংলা

৫৪০৮-[৩০] আবৃ ওয়াকিদ আল লায়সী (রাঃ) হতে বর্ণিত। যখন রাসূলুল্লাহ (সা.) হুনায়নের যুদ্ধে বের হলেন, তখন তিনি মুশরিকদের এমন এক গাছের নিকট দিয়ে গমন করলেন, যাতে তারা নিজেদের অস্ত্রসমূহ ঝুলিয়ে রাখত। উক্ত গাছটিকে 'যাতু আনওয়াত' বলা হত। এটা দেখে কোন কোন নতুন মুসলিমরা বলল, হে আল্লাহর রাসূল (সা.)! ঐ সমস্ত মুশরিকদের মতো আমাদের জন্যও একটি 'যাতু আনওয়াত' ধার্য করে দিন। তখন রাসূলুল্লাহ (সা.) (বিম্ময় প্রকাশে) বললেন, 'সুবহা-নাল্ল-হ মূসা (আঃ)-এর সম্প্রদায়ও তাকে বলেছিল, "...(হে। মুসা!) আমাদের জন্য এরূপ উপাস্য নির্ধারণ করে দিন যেরূপ ঐ কাফির সম্প্রদায়ের উপাস্য রয়েছে..."(সূরাহ আল আ'রাফ ৭: ১৩৮)। তোমরাও তো সেরূপ কথা বললে, সেই মহান সন্তার শপথ, যার হাতে আমার প্রাণ! নিশ্চয় তোমরা ঐ সকল লোকদের পথ অনুকরণ করে চলবে, যারা তোমাদের আগে অতীত হয়ে গেছে। (তিরমিয়ী)

ফুটনোট



সহীহ: তিরমিয়ী ২১৮০, মা'রিফাতুস সুনান ওয়াল আসার লিল বায়হাকী ৫৬, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৩৭৩৭৫, মুসনাদে 'আবদ ইবনু হুমায়দ ৮৪৮, মুসনাদে আহমাদ ২১৯৪৭, আবূ ইয়া'লা ১৪৪১, সহীহ ইবনু হিব্বান ৬৭০২, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ৩২১৮।

ব্যাখ্যা

ব্যাখ্যা: উদ্মতে মুহাম্মাদী তাদের পূর্ববর্তীদের তথা ইয়াহূদ-নাসারাদের পথ-পদ্ধতি ও কর্মপন্থার অনুকরণ করবে। আলোচ্য হাদীসের সমর্থনে ইমাম হাকিম (রহিমাহুল্লাহ) ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেন, নবী (সা.) বলেছেন: অবশ্যই তোমরা তোমাদের পূর্ববর্তী জাতি তথা ইয়াহূদ-নাসারাদের পদাঙ্ক অনুসরণ করবে প্রতি বিঘতে বিঘতে ও প্রতি হাতে হাতে, এমনকি যদি তারা গুইসাপের গর্তেও প্রবেশ করে তবে তোমরাও সেখানে প্রবেশ করবে। এছাড়া যদি তাদের কেউ রাস্তায় কোন মহিলার সাথে সঙ্গমে লিপ্ত হয় তবে অবশ্যই তোমরাও সেটা করবে। (মিরক্বাতুল মাফাতীহ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ ওয়াকিদ আল-লায়সী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন